# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

**2nd Term:Answer Work Sheet- 21**

**Class: 3**

**Subject: Bengali Grammar( যতিচিহ্ন)** **Date: 16/6/20**

---

১।যতিচিহ্ন কাকে বলে ?

উঃ বাক্যের মধ্যে বা অনেকগুলি বাক্যের মধ্যে অর্থ অনুযায়ী থামার জন্য আমরা যেসব চিহ্ন ব্যবহার করি সেগুলিকেই যতিচিহ্ন বলে ।

২।বাক্যে ব্যবহৃত ছয়টি যতিচিহ্ন গুলি লেখ ?

উঃ ১। দাঁড়ি (।) ২। কমা (, ) ৩। সেমিকোলন (; )

৪।প্রশ্নসূচক চিহ্ন ( ?) ৫। আবেগসূচক চিহ্ন (!) ৬। উদ্ধৃতি চিহ্ন (‘ ’)

৩। নিচের বাক্যগুলিতে প্রয়োজনমতো দাঁড়ি অথবা প্রশ্নসূচক চিহ্ন বসাও –

ক) আজ সোমবার

উঃ আজ সোমবার ।

খ) গতকাল আমরা পুরী থেকে ফিরেছি

উঃ গতকাল আমরা পুরী থেকে ফিরেছি ।

গ) মা আজ কী কী রান্না করেছেন

উঃ মা আজ কী কী রান্না করেছেন ?

ঘ) আজ সারাদিন ধরে বৃষ্টি পড়ছে

উঃ আজ সারাদিন ধরে বৃষ্টি পড়ছে ।

ঙ) তোমরা এখন বাড়ী যাও

উঃ তোমরা এখন বাড়ী যাও ।

চ) রাম এখনও কী তোমাদের বাড়ী যায় নি

উঃ রাম এখনও কী তোমাদের বাড়ী যায় নি ?

ছ) তুমি কী এখন ঘুমাবে

উঃ তুমি কী এখন ঘুমাবে ?

জ) তোমার বাগানে কী কী ফুল ফুটেছে

উঃ তোমার বাগানে কী কী ফুল ফুটেছে ?

৪। শূন্যস্থান পূরণ কর –

ক) বাক্যের অর্থ অনুযায়ী থামার জন্য কিছু চিহ্ন ব্যবহার করতে হয় ।

খ) আবেগ চিহ্নকে অনেকে বিস্ময় চিহ্ন বলে ।

গ) বাক্যে কমার চেয়ে বেশি থামার দরকার হলে সেমিকোলন বসে ।

ঘ) থামার চিহ্নকে বলে বিরাম চিহ্ন বা যতিচিহ্ন ।

ঙ) বাক্যে যতিচিহ্ন ব্যবহার না থাকলে সঠিক অর্থ প্রকাশ পায় না ।

৫। বামদিকের সঙ্গে ডানদিক মিলিয়ে বাক্য বানাও ---

| | বামদিক | ডানদিক | |
|---|---|---|---|
| ক | কোনো কিছু জিজ্ঞাসা করলে | আবেগসূচক চিহ্ন | খ |
| খ | বাক্যে আনন্দ,দুঃখ থাকলে | উদ্ধৃতি চিহ্ন বসে । | গ |
| গ | বক্তার কথা হুবহু তুলে ধরতে | পূর্ণচ্ছেদ/দাঁড়ি বসে । | ঙ |
| ঘ | বাক্যের মাঝে সামান্য থামলে | কমা/পাদচ্ছেদ চিহ্ন বসে । | ঘ |
| ঙ | বাক্য শেষ হলে | প্রশ্নসূচক চিহ্ন বসে | ক |

Manashi Chaudhuri